

জবির 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা শুক্রবার প্রতি আসনের বিপরীতে লড়বে ৫৪ জন

জবি প্রতিনিধি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০১৬-১৭ শিক্ষা বর্ষের প্রথম বর্ষ 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা ২৩ সেপ্টেম্বর শুক্রবার একযোগে রাজধানীর পনেরটি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত একঘণ্টা এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবার 'বি' ইউনিটের (কলা ও আইন অনুষদভুক্ত এবং আইইআর) ৬৭০টি আসনের (মানবিক-৪১৪, বিজ্ঞান-১৫১, বাণিজ্য ও অন্যান্য-১০৫) বিপরীতে ৩৬ হাজার ২২৫ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষার জন্য আবেদন করেছে। এতে প্রতি আসনের বিপরীতে ৫৪ জন শিক্ষার্থী আবেদন করেছে।

২৪ সেপ্টেম্বর শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত ২০১৬-১৭ শিক্ষা বর্ষের প্রথম বর্ষ সন্মান শ্রেণীর 'ই' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১২০টি আসনের (সংগীত বিভাগ-৪০, চারুকলা বিভাগ-৪০ এবং নাট্যকলা বিভাগ-৪০) বিপরীতে ২ হাজার ২৭ জন ভর্তি পরীক্ষার জন্য আবেদন করেছে। পরীক্ষার্থীকে প্রিন্টকৃত প্রবেশপত্রের দুই কপি অবশ্যই সঙ্গে আনতে হবে। 'বি' ও 'ই' ইউনিটের ভর্তি পরীক্ষার আসনবিন্যাস বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট www.jnu.ac.bd বা www.admission.jnu.ac.bd এ পাওয়া যাচ্ছে।

কোনো পরীক্ষার্থী পরীক্ষার হলে কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস (যেমন—ক্যালকুলেটর, ঘড়ি, মোবাইল ইত্যাদি) সঙ্গে আনতে পারবে না। পরীক্ষার্থীদের হাফ হাতার জামা ও স্যান্ডেল (জুতা ও মোজা ব্যতীত) পরিধান করে পরীক্ষা কেন্দ্রে আসতে হবে। ধর্মীয় অনুশাসন মেনে যারা পোশাক পরিধান করবে তাদের জন্য পোশাকের শর্ত শিথিলযোগ্য। এক কেন্দ্রের পরীক্ষার্থী অন্য কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। দিলে তার উত্তরপত্র বাতিল করা হবে।